

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৩৪

(كتاب القراءات عن رسول الله ﷺ) 8৯/ कित्राञाত

পরিচ্ছেদঃ সূরা কাহফ

بَابُّ: وَمِنْ سُورَةِ الْكَهْفِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّثَنَا مُعَلَّى بْنُ مَنْصُورٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ دِينَارٍ، عَنْ سَعْدِ بْنِ أَوْسٍ، عَنْ مُصِدَعٍ أَبِي يَحْيَى، عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنْ أَبُيّ بْنِ كَعْبٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَرَأً (فِي عَيْنٍ حَمِئَةٍ). قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَالصَّحِيحُ مَا رُويَ عَنِ ابْنِ عَبَّاسٍ قِرَاءَتُهُ. وَيُرْوَى أَنَّ ابْنَ عَبَّاسٍ وَعَمْرَو بْنَ الْعَاصِي اخْتَلَفَا فِي قِرَاءَةِ هَذِهِ الآيَةِ وَارْتَفَعَا إِلَى كَعْبِ الأَحْبَارِ فِي ذَلِكَ فَلَوْ كَانَتْ عِنْدَهُ رَوَايَةٌ عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم لاَسْتَغْنَى برِوَايَتِهِ وَلَمْ يَحْتَجْ إِلَى كَعْبٍ .

বাংলা

২৯৩৪. ইয়াহ্ইয়া ইবন মূসা (রহঃ) ... উবাই ইবন কা'ব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাঠ করেছেনঃ (فِي عَيْن حَمِئَةِ) 🗈

মতন সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৩৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা কিছু জানি না। ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে তাঁর পাঠ সম্পর্কে যে রিওয়ায়তটি আছে তা সহীহ। বর্ণিত আছে যে, এই আয়াতের কিরআতে ইবন আব্বাস এবং আমর ইবনুল আস রাদিয়াল্লাহু আনহুমা এর মাঝে মতপার্থক্য হয়। তখন উভয়ই এই বিষয়টি কা'ব আহবার রাদিয়াল্লাহু আনহু-এর নিকট উত্থাপন করেন। এই বিষয়ে যদি ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু-এর নিকট নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত কোন রিওয়ায়ত থাকত তবে তিনি সেটিকেই যথেষ্ট মনে করতেন। কা'ব রাদিয়াল্লাহু আনহু-এর মুখাপেক্ষী হতেন না।

English

Narrated Ibn 'Abbas:



from Ubay bin Ka'b that the Prophet (ﷺ) recited: "Fi 'Ainin Hami'ah" (18:86)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন